

# আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

ডিএফআইএম সার্কুলার নং-০২

তারিখ : ১৫ ফাল্গুন ১৪২৭  
২৮ ফেব্রুয়ারি ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

## ঋণের সদ্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে।


আর্থিক খাতে ঋণের যথাযথ ব্যবহার নিশ্চিত না হলে তা সমগ্র আর্থিক খাতের উপর বিরূপ প্রভাব সৃষ্টি করে এবং এ খাতের সুশাসনকে বাধাগ্রস্ত করে। এ লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক গ্রাহকের অনুকূলে বিতরণকৃত খাতে ঋণের অর্থ উদ্দিষ্ট খাতের পরিবর্তে অন্য খাতে ব্যবহৃত না হওয়া, প্রদত্ত ঋণ/লিজ/বিনিয়োগ দ্বারা গ্রাহকের বিদ্যমান অন্য কোন ঋণ/লিজ/বিনিয়োগ পরিশোধ বা সমন্বয় না করা এবং কিস্তি ভিত্তিক প্রকল্প ঋণ/লিজ/বিনিয়োগ এর ক্ষেত্রে পূর্ববর্তী কিস্তির সঠিক ব্যবহার সম্পর্কে নিশ্চিত না হয়ে পরবর্তী কিস্তি ছাড় না করা বর্তমান সময়ে অত্যাবশ্যিকীয় পরিপালনীয় মর্মে পরিগণিত হচ্ছে।

এ লক্ষ্যে ঋণ/লিজ/বিনিয়োগ এর সদ্যবহার নিশ্চিতকরণার্থে নিম্নোক্ত নীতিমালা অনুসরণের নির্দেশনা দেয়া যাচ্ছেঃ

- ০১। যে উদ্দেশ্যে ঋণ/লিজ/বিনিয়োগ প্রদান করা হয়েছে/হবে, সে উদ্দেশ্যেই ঋণ/লিজ/বিনিয়োগ এর সদ্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে নিয়মিত তদারকি কার্যক্রম পরিচালনা;
- ০২। কিস্তি ভিত্তিক প্রকল্প ঋণ এর ক্ষেত্রে পূর্ববর্তী কিস্তির সদ্যবহার সম্পর্কে নিশ্চিত হয়ে পরবর্তী কিস্তি ছাড়করণ;
- ০৩। উদ্দিষ্ট খাতের পরিবর্তে অন্যত্র ঋণের অর্থ ব্যবহৃত হলে তার কারণ উদঘাটনসহ তা রোধকল্পে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ;
- ০৪। একটি ঋণের অর্থ দিয়ে কোনভাবেই অপর ঋণ/বিনিয়োগের দায় পরিশোধ বা সমন্বয় না করা;
- ০৫। ঋণের সদ্যবহার নিশ্চিতকরণ এবং তদারকির বিষয়টি প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ ঋণ নীতিমালায় অন্তর্ভুক্তকরণ;
- ০৬। ঋণের সদ্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ পরিদর্শন প্রতিবেদন প্রণয়ন এবং তা সংশ্লিষ্ট ঋণ নথিতে সংরক্ষণ; এবং
- ০৭। ঋণ/লিজ/বিনিয়োগ এর সদ্যবহার সংক্রান্ত সরেজমিন পরিদর্শনে কোন গুরুতর অনিয়ম পরিলক্ষিত হলে তা তাৎক্ষণিকভাবে বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগকে অবহিতকরণ।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারী করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

ফোন- ৯৫৩০১৭৮